[স্কুলের লেটারহেড]

তারিখ

প্রিয় মাতাপিতা/অভিভাবক,

আপনার সন্তানের প্রিন্সিপ্যাল হিসেবে, আমি আপনাকে এমন একটি কার্যক্রম সম্পর্কে জানাতে লিখছি, যা আমরা _____ (স্কুলের নাম)-এ বাস্তবায়ন করব।

সমন্বিত স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা বিষয়ে 2020 সালের নিউ জার্সি শিক্ষার্থী শিখন মানদণ্ড (NJSLS-CHPE)-এর ব্যক্তিগত নিরাপত্তা বিষয়ক মানদণ্ড 2.3-এ অনলাইন নিরাপত্তা এবং মানব পাচার সংক্রান্ত শিখন প্রত্যাশা অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রত্যাশাগুলি শিক্ষার্থীদের সম্ভাব্য ঝুঁকি চিনতে, ভেবেচিন্তে সিদ্ধান্ত নিতে, অনিরাপদ পরিস্থিতি সামলানোর কৌশল তৈরি করতে এবং কখন ও কীভাবে সাহায্য চাইতে হবে তা বুঝতে সাহায্য করে।

এছাড়াও, নিউ জার্সি শিক্ষা বিভাগের *শিক্ষার্থীদের মানব পাচার প্রতিরোধ বিষয়ে স্কুলগুলির জন্য নির্দেশিকা* (N.J.S.A. 18A:6-131.2–131.3) মানব পাচার সম্পর্কে সচেতনতা ও প্রতিরোধ, কর্মী প্রশিক্ষণ, সতর্কতামূলক লক্ষণ শনাক্তকরণ, রিপোর্টিং ও প্রতিক্রিয়ার প্রোটোকল, এবং মাতাপিতা ও পরিবারের সম্পৃক্ততা বিষয়ে দিকনির্দেশনা ও প্রস্তাবিত সর্বোত্তম অনুশীলন প্রদান করে।

এই শিখন প্রত্যাশা এবং প্রতিরোধ নির্দেশিকাগুলিকে সহায়তা করার জন্য আমাদের স্কুল কানেক্ট ফর ফ্রিডম (Connect for Freedom, CFF) কার্যক্রমটি বাস্তবায়ন করবে। এই কার্যক্রমটি বয়স-উপযোগী শিক্ষা ও সংস্থান প্রদান করে, যার লক্ষ্য হলো অনলাইন শোষণ ও মানব পাচার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, সতর্কতামূলক লক্ষণগুলি চিনতে শেখানো এবং অনলাইনে নিরাপদ আচরণে উৎসাহিত করা।

কার্যক্রমটিতে অন্তর্ভুক্ত রয়েছে:

- শিক্ষার্থীদের জন্য পাঠ পরিকল্পনা, উপস্থাপনা এবং ইন্টারেক্টিভ কার্যকলাপ
- মানব পাচার থেকে বেঁচে ফেরা ব্যক্তিদের বাস্তব জীবনের গল্প
- শিক্ষার্থীদের অংশগ্রহণমূলক প্রচার অভিযান
- মাতাপিতা ও পরিচর্যাকারীদের জন্য উপস্থাপনা এবং সংস্থান
- স্কুল ডিস্ট্রিক্টের প্রতিক্রিয়া প্রোটোকল এবং বাস্তবায়ন নির্দেশিকা
- স্কুল ডিসপ্লে কিট
- শিক্ষক ও কর্মীদের প্রশিক্ষণ

যদি সন্দেহ হয় যে কোনো শিক্ষার্থীর সাথে অসৎ উদ্দেশ্যে যোগাযোগ করা হয়েছে, তাকে গ্রুমিং করা হয়েছে (নির্যাতনের উদ্দেশ্যে আস্থা অর্জন করে প্রভাবিত করা), তাকে শোষণ বা নির্যাতন করা হয়েছে, অথবা সে পাচারের শিকার হয়েছে, তাহলে স্কুলের কর্মীরা ডিস্ট্রিক্টের রিপোর্টিং ও প্রতিক্রিয়া প্রোটোকল অনুসরণ করবেন, যার মধ্যে প্রয়োজন অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করাও অন্তর্ভুক্ত।

এই কার্যক্রম সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে _____ (স্কুলের উপযুক্ত কর্মীর নাম)-এর সাথে _____ (টেলিফোন নম্বর) নম্বরে যোগাযোগ করুন।

যদি আপনার সন্দেহ হয় যে আপনার সন্তান মানব পাচারের শিকার, তাহলে আপনি 1-866-347-2423 নম্বরে মার্কিন স্বরাষ্ট্র নিরাপত্তা বিভাগের (Department of Homeland Security) সাথে যোগাযোগ করতে পারেন। জাতীয় মানব পাচার হটলাইন (National Human Trafficking Hotline) থেকে সহায়তা পেতে 1-888-373-7888 নম্বরে কল করুন। যদি আপনি মনে করেন যে আপনার সন্তান যৌন শোষণের শিকার হয়েছে, তাহলে 1-800-843-5678 নম্বরে নিখোঁজ ও শোষিত শিশুদের জাতীয় কেন্দ্রের (National Center for Missing & Exploited Children) সাইবারটিপলাইনে (CyberTipline) যোগাযোগ করতে পারেন।

ধন্যবাদ। আশা করি _____ (তারিখ) তারিখে _____ (স্থান)-এ _____ (সময়)-এ অনুষ্ঠিতব্য আমাদের অভিভাবক সভায় আপনার সাথে দেখা হবে।

বিনীত,

[প্রিন্সিপ্যালের নাম]